

# পিসির ঝুটঝামেলা

## ট্রাবলশুটার টিম



**সমস্যা :** আমার পিসিতে ২ গিগাবাইট র্যাম ছিল। আমি আরও ২ গিগাবাইট লাগিয়েছি। কিন্তু সিস্টেমে সেটা দেখাচ্ছে না। এখনও ২ গিগাবাইট র্যাম দেখাচ্ছে। এটি কি কারণে হচ্ছে?

—আরিফ, নবীনগর



**সমাধান :** পিসির কনফিগারেশন বিশেষ করে মাদারবোর্ডের মডেল ও র্যামের ব্যাপারে বিস্তারিত জানালে এ সমস্যার সমাধান দেয়াটা সহজ হতো। বেশ কয়েকটি কারণে এটি হতে পারে। কারণগুলো হলো— র্যাম মডিউল নষ্ট হতে পারে, স্লটে সমস্যা থাকতে পারে, মাদারবোর্ডের সাথে র্যামের বাসস্পিড সামঞ্জস্যপূর্ণ নয় অথবা র্যামটি সঠিকভাবে স্লটে লাগানো হয়নি। নতুন র্যাম মডিউলটি ঠিক আছে কি না, তা চেক করার জন্য পুরনো র্যামটি স্লট থেকে খুলে একই স্লটে নতুন র্যামটি লাগিয়ে দেখুন তা কাজ করে কি না। যদি কাজ করে তবে পরের স্লট ভালো করে মুছে পরিষ্কার করে পুরনো র্যামটি সেখানে বসিয়ে দেখুন র্যামের পরিমাণ ৪ গিগাবাইট দেখায় কি না। যদি তা না হয় তবে বুঝতে হবে র্যামের বাস স্পিডের সাথে মাদারবোর্ডের বাসস্পিড মিলছে না। র্যামের বাস স্পিড কত তা দেখে নিন এবং সেই সাথে আপনার মাদারবোর্ড কত বাস স্পিডের র্যাম সাপোর্ট করে, তা মাদারবোর্ডের ম্যানুয়াল বা মডেল লিখে ইন্টারনেটে সার্চ দিয়ে দেখে নিন। আগের যে র্যাম আছে, সেটি আর নতুনটির বাস স্পিড একই কি না তাও চেক করে নিন। ডুয়াল চ্যানেল র্যাম ব্যবহার করার ক্ষেত্রে র্যাম দুটি আইডেন্টিক্যাল টুইন বা একই বাস স্পিড, একই মেমরি ও একই ব্র্যান্ডের হলে ভালো পারফরম্যান্স পাওয়া যায়। র্যাম যদি সঠিকভাবে না লাগানো থাকে, তবে পিসি চালু করার সময় একটি বিপ দেবে। র্যাম ভালো করে লাগানোর পরে ক্লিপগুলো সঠিকভাবে আটকে গেছে কি না, তা দেখে নিন। যদি র্যামে সমস্যা মনে হয়, তবে বিক্রোতার সাথে যোগাযোগ করুন।



**সমস্যা :** আমার পিসিতে ফটোশপ সিএস ৬ ইনস্টল করার পর তা চালু করতে গেলে Out of Memory দেখায়। এটি আমার পিসিতে চলবে না?

—মামুন



**সমাধান :** আপনাদের সমস্যাগুলো নিয়ে আমাদের কাছে লেখার সময় পিসির হার্ডওয়্যার (প্রসেসর, মাদারবোর্ড, র্যাম) ও সফটওয়্যার (অপারেটিং সিস্টেম ও সিকিউরিটি সফটওয়্যার) সম্পর্কে কিছুটা ধারণা দিয়ে তারপর আপনাদের সমস্যার কথা জানাবেন। এতে আপনাদের পিসি


সমস্যার সঠিক সমাধান দেয়াটা সহজ হয়। আপনার উল্লিখিত সমস্যার কারণগুলো হতে পারে— একই সময়ে অনেকগুলো প্রোগ্রাম চালু থাকলে নতুন প্রোগ্রামের জন্য মেমরিতে জায়গা না দিতে পারলে এ মেসেজ দেখায়, এমনটা হতে পারে আপনার পিসির র্যামের পরিমাণ কম, যা ফটোশপ চালানোর ক্ষমতা রাখে না অথবা সফটওয়্যার ইনস্টলেশনে সমস্যা থাকতে পারে, যার কারণে আউট অব মেমরি দেখাচ্ছে। টাস্ক ম্যানেজারে গিয়ে দেখুন কতগুলো প্রোগ্রাম রান করছে। যেসব প্রোগ্রামের দরকার নেই, সেগুলো বন্ধ করে দিন। তারপর ফটোশপ চালু করে দেখুন

তা কাজ করে কি না। র্যাম কম থাকলে তা বাড়িয়ে নিন। যদি তা সম্ভব না হয়, তবে ফটোশপের বদলে জিম্প বা পেইন্ট ডটনেট ব্যবহার করতে পারেন। এ দুটো সফটওয়্যার অনেক কম রিসোর্সে চলে এবং খুবই হালকা সফটওয়্যার। কথা হলো সফটওয়্যার দুটিই বিনামূল্যে ইন্টারনেট থেকে ডাউনলোড করে নিতে পারবেন। ফটোশপের মতো অনেক বেশি অপশন না থাকলেও গ্রাফিক্সের ছোটখাটো অনেক কাজ অনায়াসে এ সফটওয়্যার দুটি দিয়ে সেরে ফেলা যায় [ক্লিক](#)

ফিডব্যাক : [jhutjhamela24@gmail.com](mailto:jhutjhamela24@gmail.com)

আমরা যখন অনলাইনে থাকি, তখন ৬০ সেকেন্ড কীভাবে চলে যায় টেরই পাওয়া যায় না। কিন্তু আপনি কি জানেন, এ ৬০ সেকেন্ডে ওয়েবে ঘটে যায় প্রচুর ঘটনা। আমরা যারা অনলাইনে সংযুক্ত থাকি প্রতি সেকেন্ডে দেখি আগের চেয়ে অনেক অনেক বেশি কন্টেন্ট, আমাদের ফেলোমেটদের সাথে শেয়ার করার জন্য।

## ২০১৬ : ইন্টারনেটে এক মিনিটে যা ঘটে



সূত্র : ডিজিটাল ভার্স